

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের কার্যালয়
কালুখালী, রাজবাড়ী।
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ ডলি পারভীন, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, কালুখালী, রাজবাড়ী।
সভার স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১৫/০১/২০২২ খ্রিঃ, সময় : সকাল ১০.০০ ঘটিকায়।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'


সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও সদস্য সচিব কে কালুখালী উপজেলায় কার্যক্রম গ্রহণের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে হাজার হাজার চিকিৎসক ও নার্স নিয়োগ দিয়েছেন এবং তাদের উচিত কর্মস্থলে উপস্থিত থেকে দরিদ্র জনগণকে চিকিৎসা সেবা নিশ্চিত করা। তিনি আরও জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে একটি ভিজিলেন্স টিম থাকা দরকার এবং দুপুর ১.০০ ঘটিকার পূর্বে যেন কোন কমিউনিটি ক্লিনিক বন্ধ না হয় সে দিকে লক্ষ রাখার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানান।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রতনদিয়া জানান যে, কমিউনিটি ক্লিনিকগুলো নিয়মিত চালু রেখে এবং কমিউনিটি ক্লিনিক গুলোতে পরিদর্শন বাড়ানোর জন্য তিনি অনুরোধ জানান।

চেয়ারম্যান, মৃগী ইউ.পি. জানান যে, বর্তমানে কালুখালী স্বাস্থ্য কমপ্লেক্সে ভয়াবহ অবস্থা বিরাজমান। ডাক্তারের সংকট থাকায় রোগীরা চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হচ্ছে। এছাড়াও হাসপাতালে জরুরি বিভাগে রিপ্রিজেন্টেটিভ ভিডি করায় হাসপাতালে আগত রোগীরা ভালো ভাবে ডাক্তারদের সাথে কথা বলতে পারে না এ বিষয়ে কার্যকরী উদ্যোগ করার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত : উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ কর্মরত চিকিৎসকগণকে কর্মস্থলে উপস্থিত থেকে জনগণকে চিকিৎসা সেবা প্রদান নিশ্চিত করতে হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে ডাক্তারদের ভিজিট করার জন্য সপ্তাহে যে কোন দিন রিপ্রিজেন্টেটিভগণের জন্য নির্দিষ্ট করে দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছাঃ ডলি পারভীন)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, কালুখালী।

স্মারক নং- স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা /কালু /২০২২-১৫৩

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, রাজবাড়ী।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী রাজবাড়ী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, কালুখালী রাজবাড়ী।



ডাঃ ফারজানা ইসলাম
কোড নং ১১১৪৬৫
উপজেলা স্বাস্থ্য উপঃ পঃ কর্মকর্তা
কালুখালী, রাজবাড়ী।